রাষ্ট্রপতির কার্যালয়
আপন বিভাগ
বঙ্গভবন, ঢাকা
www.bangabhaban.gov.bd

নম্বর: ০২.০০.০০০০.০০৭.১২.৬০৫.২৪.১৩২৪

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩১ / ০৫ ডিসেম্বর ২০২৪

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৭ কার্তিক ১৪৩১/১২ নভেম্বর ২০২৪ তারিখের ৮০.০০.০০০০.১১০.১২.০১৮.২৪-২৩১ নম্বর পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে 'রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগ এর গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১০'এবং এর সাথে সংশ্লিষ্ট 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪' (২০২০ সালে সংশোধিত) অনুযায়ী নিম্নোক্ত ছকে বর্ণিত ০২ (দুই) জন কর্মচারীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে ব্যক্তিগত কর্মকর্তা (১০ম গ্রেড) পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রমিক	জ্যেষ্ঠতাক্রম	কর্মচারীর নাম, বর্তমান পদবি ও গ্রেড	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম ও গ্রেড
১	১	জনাব মোঃ আলমগীর হোসেন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (১৬তম গ্রেড)	ব্যক্তিগত কর্মকর্তা (১০ম গ্রেড)
২	২	জনাব মোঃ হারুন-অর-রশীদ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (১৬তম গ্রেড)	ব্যক্তিগত কর্মকর্তা (১০ম গ্রেড)

শর্তাবলী:

(ক) পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে ১ (এক) বছর শিক্ষানবিসকাল হিসেবে বিবেচিত হবে। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে শিক্ষানবিসির মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন;

(খ) শিক্ষানবিসকালে তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত হলে শিক্ষানবিসকাল শেষে তাদেরকে পদোন্নতিপ্রাপ্ত পদের চাকরিতে স্থায়ী করা হবে;

(গ) শিক্ষানবিসির মেয়াদ চলাকালে (বর্ধিত মেয়াদ থাকলে তাসহ) তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাদেরকে যে পদ হতে পদোন্নতি প্রদান করা হয়েছিল সে পদে প্রত্যাবর্তন করাতে পারবেন;

(ঘ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাদের চাকরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে; এবং

(ঙ) এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

২। বিধি মোতাবেক সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

(কাজী তুহিন রসুল)
উপসচিব
ফোন: ০২২২-৬৬৩৮১৪৩
ই-মেইল: tuhin.rasul@bangabhaban.gov.bd